

আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُونَ

আয়াতঃ ২৩ : ৭৭

আরবি মূল আয়াত:

حَتَّىٰ إِذَا فَتَحْنَا عَلَيْهِم بَابًا ذَا عَذَابٍ شَدِيدٍ إِذَا هُمْ فِيهِ مُبْلِسُونَ ﴿٧٧﴾

অনুবাদসমূহ:

অবশেষে আমি যখন তাদের জন্য কঠিন আযাবের দুয়ার খুলে দেই তখনই তাতে তারা হতাশ হয়ে পড়ে। — আল-বায়ান

অবশেষে আমি তাদের জন্য কঠিন শাস্তির দরজা খুলে দেব, তখন তারা তাতে হতাশ হয়ে পড়বে। — তাইসিরুল

অবশেষে যখন আমি তাদের জন্য কঠিন শাস্তির দ্বার খুলে দিই তখনই তারা হতাশ হয়ে পড়ে। — মুজিবুর রহমান

Until when We have opened before them a door of severe punishment, immediately they will be therein in despair. — Sahih International

৭৭. অবশেষে যখন আমরা তাদের উপর কঠিন কোন শাস্তির দুয়ার খুলে দেব তখনই তারা এতে আশাহত হয়ে পড়বে।(১)

(১) অর্থাৎ হতাশ হয়ে পড়বে। তারা কি করবে তা নির্ধারণ করতে সক্ষম হবে না। [ফাতহুল কাদীর]

তফসীরে জাকারিয়া

(৭৭) অবশেষে যখন আমি তাদের জন্য কঠিন শাস্তির দ্বার খুলে দিলাম। তখন তারা হতাশ হয়ে পড়ল।
[1]

[1] এ থেকে পার্থিব শাস্তি উদ্দেশ্য হতে পারে এবং আখেরাতের শাস্তিও উদ্দেশ্য হতে পারে; যেখানে সমস্ত রকমের সুখ ও স্বাচ্ছন্দ্য হতে বঞ্চিত হবে এবং সমস্ত প্রকার আশা আকাঙ্ক্ষা ছিন্ন হয়ে যাবে।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2750>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন